VARTA

Gender, Sexuality, Intimacy, Publishing

বার্তা ট্রাস্ট আইনি সহায়তা সাপোর্ট গ্রুপ প্রকল্প কি জিনিস?

বার্তা ট্রাস্ট কলকাতা ভিত্তিক এমন একটি এনজিও যা ভারতে লিঙ্গ ও যৌনতার সম্পর্কে প্রচার করে – প্রকাশনা, সেমিনারের আয়োজন, গবেষণা, এডভোকেসি, প্রশিক্ষণ এবং পরিষেবা রেফারেলের মাধ্যমে। এই প্রকল্পটি বার্তা ট্রাস্টের একটি উদ্যোগের অংশ – উদ্যোগটির নাম কুইআর ফ্রেন্ডলি লইয়ার্স নেটওয়ার্ক-পশ্চিমবঙ্গ । এই প্রকল্পটির মেয়াদ হলো ২০১৮ অক্টোবর থেকে ২০২১ জানুয়ারী পর্যন্ত।

আমাদের সহযোগীদের মধ্যে আছে পশ্চিমবঙ্গের নানা কুইয়ার সাপোর্ট গ্রুপ/নেটওয়ার্ক, তাছাড়াও সাথী, চেন্নাই এবং ক্রিয়া, দিল্লি – এই দুটি এনজিওই লিঙ্গ, যৌনতা, জনস্বাস্থ্য ও সামাজিক ন্যায়বিচার বিষয়ক কাজ করে।

আমাদের লক্ষ্য: পশ্চিমবঙ্গের কুইয়ার সম্প্রদায়গুলির মধ্যে আইনী সাক্ষরতা ও আইনী প্রতিকারের জন্য বৃহত্তর সহযোগের প্রচারের জন্য একটি বা একাধিক আইনি সহায়তা গ্রুপ চালানো যাতে তারা নিজেদের অধিকারের লঙ্ঘন থেকে বাঁচতে পারে, প্রাথমিকভাবে তাদের লিঙ্গ এবং যৌনতার দিক থেকে – এবং আইনি প্রক্রিয়ার মাধ্যমে রাষ্ট্রের কাছে নিজেদের অধিকার দাবি করতে পারে।

আমাদের মূল কার্যক্রম:

ক) পশ্চিমবঙ্গের সব জেলা জুড়ে এমন আইনজীবীদের একটি পুল তৈরি করা যারা কুইআর বিষয় সম্পর্কে সংবেদনশীল।

খ) প্যারালিগাল স্বেচ্ছাসেবক হিসাবে কাজ করবার এবং পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় বিভিন্ন আইনি পরিষেবা কার্যক্রমের সমন্বয় তৈরী করবার জন্য কুইআর সম্প্রদায়ের ব্যক্তিদের চিহ্নিত করা।

গ) সাপোর্ট গ্রুপ গুলোর জেলা-স্তরে মাসে একটা (বা দুমাসে একটা) মিটিং করা যেখানে আইনজীবী, প্যারালিগল স্বেচ্ছাসেবক এবং কুইআর সম্প্রদায়ের মানুষরা একত্রিত হবেন সমস্যার কথা আলোচনা করতে এবং সবচেয়ে ভালো আর উপযুক্ত সামাজিক এবং আইনি সমাধান খুঁজে বার করতে।

ঘ) সহজ কিন্তু সঠিক উপাদান তৈরি করা (প্রকাশনা, অডিও-ভিজুয়াল, অনলাইন) যা পশ্চিমবঙ্গের লোকেদের কাছে জরুরি আইনি সাক্ষরতা আর সহায়তা পৌঁছে দেবে।

ঙ) নিম্ন আদালত, হাইকোর্ট, সুপ্রীম কোর্ট এবং অন্যান্য বিচার বিভাগীয় বা আধা -বিচারিক ফোরামগুলির মধ্যে একটি নির্ধারিত কৌশল ব্যবহার করে পশ্চিমবঙ্গে কুইয়ার ব্যক্তিদের মামলা সম্পর্কিত সাহায্য যোগান: (i) লিখিত আবেদনপত্র অথবা রিট পিটিশন এর ভিত্তিতে; (ii) জনস্বার্থ মামলা বা পাবলিক ইন্টারেস্ট লিটিগেশান এ; (iii) পশ্চিমবঙ্গ ভিকটিম ক্ষতিপূরণ প্রকল্প ২০১৭ বা কেন্দ্রীয় বা রাজ্য সরকারের অধীনে অন্য কোন কল্যাণমূলক প্রকল্পের এর অধীনে ক্ষতিপূরনের জন্য আবেদন; (iv) ঘটনার ওপর ভিত্তিক দেওয়ানি বা ফৌজদারি মামলা করে।

চ) পশ্চিমবঙ্গের কুইআর মানুষদের সম্পর্কিত আর্থ-আইনি বিষয় নিয়ে গবেষণা করা – অন্যান্য সংস্থা, গবেষক এবং আইন, সামাজিক বিজ্ঞান, বা মিডিয়া ছাত্রদের সঙ্গে যৌথ উদ্যোগে।

ছ) বার্তা ট্রাস্টের ওয়েবসাইট ব্যবহার করা: প্রকল্প কার্যক্রম এবং অগ্রগতি ডকুমেন্ট করবার জন্য; কুইআর ব্যক্তি, আইনজীবী এবং গবেষকদের জন্য প্রয়োজনীয় আইনি তথ্যের একটি সংগ্রহালয় হিসেবে কাজ করার জন্য; এবং প্রকল্পে একটি অনলাইন পরিচয় হিসেবে কাজ করার জন্য।

এই ওয়েবসাইটটির সঙ্গে যুক্ত আছে কুইআর ফ্রেন্ডলি লইয়ার্স নেটওয়ার্ক-পশ্চিমবঙ্গ ফেসবুক গ্রুপ যারা প্রকল্প সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম এর বিষয়ে একটি সার্বজনীন তথ্য, আলোচনা ও নেটওয়ার্কিং ফোরাম হিসেবে কাজ করে।

প্রকল্প সম্পর্কে যোগাযোগের তথ্য:

- কৌশিক গুপ্ত: ৯৩৩১০ ৪২৩২০, kaushik.varta@gmail.com
- পবন ঢাল: ৯৮৩১২ ৮৮০২৩, vartablog@gmail.com